# স্নাতক পাঠক্রম

**অনুশীলন পত্র**

**ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮**

ঐচ্ছিক পাঠক্রম

# বাংলা ( Bengali )

সপ্তম পত্র

**Lokasahitya Ebong Bharatiya Sahitya : EBG-7**

**পূর্ণমান ঃ ১০০**

মানের গুরুত্ব ঃ ৩০%

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

## বিভাগ – ক

**( লোকসাহিত্য : ৫০ )**

১। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে)ঃ

২০ × ১ = ২০

(ক) লোকসংস্কৃতির শ্রেণিবিভাগ করে শ্রেণিবিন্যাস অনুযায়ী উদাহরণসহ তার পরিচয় দিন।

(খ) বাংলা গীতিকার ত্রি-ধারার পরিচয় দিয়ে গীতিকাগুলিতে সাধারণ মানুষের জীবনকথা কীভাবে লিপিবদ্ধ হয়েছে তা আলোচনা করুন।

(গ) মৈমনসিংহ-গীতিকার সবচেয়ে বড়ো সম্পদ এর নারী চরিত্র — আলোচনা করুন।





২। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) ঃ

১০ × ২ = ২০

(ক) লোকনাট্য কাকে বলে ? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন। প্রচলিত মঞ্চ নাটকের সঙ্গে এর পার্থক্য কোথায় দেখান। ২ + ৩ + ৫

(খ) বাংলার ব্রতের মধ্যে কীভাবে সমাজ-নৃবিজ্ঞানের প্রভাব লক্ষ করা যায় লিখুন।

(গ) ছড়ার উৎস ও বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করুন। একটি করে লৌকিক ছড়া ও সাহিত্যিক ছড়া উদ্ধৃত করে পার্থক্য বুঝিয়ে দিন। ৫ + ৫

(ঘ) সংসারজীবন ও সমাজজীবন কীভাবে প্রবাদে জায়গা করে নিয়েছে দেখান।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) ঃ

৫ × ২ = ১০

(ক) 'লোককথার অভিপ্রায়' ও 'লোককথার ভবিষ্যৎ' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(খ) লোকপুরাণ ও কিংবদন্তির পার্থক্য সংক্ষেপে বুঝিয়ে দিন।

(গ) গম্ভীরা ও ভাওয়াইয়া সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

(ঘ) 'গ্রাম সাহিত্য' ও 'তথাকথিত পরিশীলিত সাহিত্য'-এর পার্থক্য রবীন্দ্রনাথকে অনুসরণ করে বুঝিয়ে দিন।

## বিভাগ – খ

**( আধুনিক ভারতীয় সাহিত্য : ৫০ )**

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে)ঃ

২০ × ১ = ২০

(ক) সমাজের ওপর তলার মানুষেরা নিচের তলার মানুষদের ওপর কীভাবে শোষণ-পীড়ন চালিয়ে থাকে, তার ব্যঙ্গমিশ্রিত দলিল 'সদ্‌গতি' — আলোচনা করুন।

(খ) 'চোপ্, আদালত চলছে' নাটকে নারী-পুরুষের সম্পর্ক ও নারী জীবনের বঞ্চনার যে চিত্র ফুটে উঠেছে, তার পরিচয় দিন।

(গ) 'চেম্মিন' (চিংড়ি) উপন্যাসের নায়ক কে — কারুতাম্মা, পারিকুট্টি, না সমুদ্র — উপযুক্ত বিশ্লেষণসহ আলোচনা করুন।

৫। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ২৫০ শব্দে) ঃ

১০ × ২ = ২০

(ক) ভারতবর্ষের বিভিন্ন অঞ্চলের সাহিত্য সম্পর্কে জানার তাৎপর্য আজকের পরিপ্রেক্ষিতে কতখানি প্রয়োজনীয়, বিচার করে দেখান।

(খ) 'চোপ্, আদালত চলছে' নাটকের সংলাপ সম্পর্কে উপযুক্ত উদাহরণসহ আলোচনা করুন।

(গ) 'চেম্মিন' আঞ্চলিক উপন্যাস হওয়া সত্ত্বেও তার একটি সর্বজনীন আবেদন আছে — এ মন্তব্যের তাৎপর্য ব্যাখ্যা করুন।

(ঘ) " 'কুঞ্জবনের ক্ষ্যাপা' গল্পে 'ক্ষ্যাপা' ও 'কুঞ্জবন' দুটিই অভিনব ও পরস্পরের পরিপূরক। গল্পটির পরিণতি ছোটগল্পের ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করেছে।" — উপযুক্ত বিশ্লেষণসহ এই মন্তব্য সম্পর্কে আপনার অভিমত লিখুন।

৬। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৫০ শব্দে) ঃ

৫ × ২ = ১০

(ক) 'সদ্গতি' ও 'বাচ্চা' গল্পদুটির মধ্যে কোন্‌টি আপনার বেশি ভাল লাগে, কারণসহ লিখুন।

(খ) 'বাচ্চা' গল্পের সমাপ্তি অংশের তাৎপর্য বিশ্লেষণ করে বুঝিয়ে দিন।





(গ) 'চেম্মিন' উপন্যাসের চেম্পনকুঞ্জ চরিত্রটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

(ঘ) 'চোপ্, আদালত চলছে' নাটকের একটি অপ্রধান চরিত্রের পরিচয় দিন।

| | | |
|---|---|---|
| 1. | Date of Publication | : 23/10/2017 |
| 2. | Last date of submission of answer script by the student to the study centre | : 02/12/2017 |
| 3. | Last date of submission of marks by the examiner to the study centre | : 13/01/2018 |
| 4. | Date of evaluated answer script distribution by the study centre to the student | : 20/01/2018 |
| 5. | Last date of submission of marks by the study centre to the Department of C.O.E. on or before | : 31/01/2018 |